**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**07 JULY 2024** **7:45—7:55 PM IST**

===============================================================

১) কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক বাজেট আলোচনা সম্পূর্ণ ।

২) রাজ্যের বিভিন্ন প্রান্তে গত পয়লা জুলাই থেকে শুরু হওয়া বনোমহোৎসব আজ সমাপ্ত ।

৩) জল কিছুটা কমলেও এখনও রাজ্যের সর্বিক বন্যা পরিস্থিতি অপরিবর্তীত রয়েছে এবং ২৯টি জেলার প্রায় ২৪ লক্ষ লোক বন্যার কবলে ।

৪) আজ রথযাত্রা । সমগ্র দেশের সঙ্গে বরাক উপত্যকায়ও এই উৎসব পালিত ।

---

কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণ ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক বাজেট আলোচনা সম্পূর্ণ করেছেন । বাজেট প্রস্তুতিকরণ প্রক্রিয়ার অংশ হিসেবে অর্থমন্ত্রী শিল্প ও সামাজিক ক্ষেত্রের প্রতিনিধি সহ বিভিন্ন অংশিদারদের সঙ্গে আলোচনা ইতিমধ্যেই সম্পূর্ণ করেছেন । গত ১৯ জুন থেকে ৫ জুলাই পর্যন্ত কেন্দ্রীয় অর্থ মন্ত্রনালয়ে এ সম্পর্কে পর্যায়ক্রমে বৈঠক অনুষ্ঠিত হয় । মন্ত্রনালয়ের প্রকাশিত এক বিবৃতিতে বলা হয়েছে যে ২০২৪-২৫ অর্থ বছরের প্রাক বাজেট পরামর্শ প্রদান সংক্রান্ত বৈঠকে ১০টি বিভিন্ন ক্ষেত্রের অংশিদার গোষ্ঠীর ১শো ২০ জন আমন্ত্রিত ব্যাক্তি অংশ গ্রহণ করেন । এর মধ্যে , কৃষক সংঘ এবং কৃষি অর্থনীতিবিদ , বাণিজ্য সংঘ , স্বাস্থ্য ও শিশু কল্যাণ সংস্থা , নিয়োগ এবং দক্ষতা , ক্ষুদ্র - লঘু - মাঝারী শিল্প , বাণিজ্য ও সেবা , অর্থনীতিবিদ , আর্থিক প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত ব্যাক্তি , মূলধনী বাজারের সঙ্গে জড়িত পরিকাঠামো ,শক্তি এবং নগরোন্নয়ন ক্ষেত্রের বিশেষজ্ঞ তথা প্রতিনিধিরা রয়েছেন ।

জাতীয় চিকিৎসা কমিশন তিনসুকীয়া চিকিৎসা মহাবিদ্যালয়কে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করে প্রতিবছর স্নাতক পাঠ্যক্রমে ১শোটি আসনে নাম ভর্তী করার অনুমতি প্রদান করেছে । এর ফলে রাজ্যে চিকিৎসা মহাবিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পয়ে হয়েছে ১৩ । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ এই তথ্য জানিয়ে আসামের চিকিৎসা বিজ্ঞানের সঙ্গে যুক্ত প্রত্যেক ব্যাক্তিকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছেন ।

---

নীতি আয়োগের আকাঙ্খিত জেলা প্রকল্পের অধীনে হাইলাকান্দি জেলায় আগামীকাল সম্পূর্নতা অভিযানের সূচনা করা হবে । জেলা আয়ুক্ত এন এইচ গৌতম সহ নীতি আয়োগের ফেসিয়াল রির্সাচ অফিসার অনুরাধা বাতানা সকাল ১১টায় রবীন্দ্র ভবনে প্রেক্ষাগৃহে সম্পূর্নতা অভিযানের উদ্ভোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন । এছাড়া অনুষ্ঠানে করিমগঞ্জের সাংসদ কৃপানাথ মালা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন । উল্লেখ্য সমগ্র দেশে এই অভিযান আগামী ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত চলবে ।

---

পৃথিবীকে বহণক্ষম এবং সুস্থ করে তোলার লক্ষ্যে সমগ্র দেশ সহ রাজ্যের বিভিন্ন প্রান্তে গত পয়লা জুলাই থেকে পালন করা বনোমহোৎসব আজ সমাপ্ত হয়েছে । বিশ্ব ঐতিহ্যক্ষেত্র মানস জাতীয় উদ্যানে এই মহোৎসবের সমাপ্তি দিনের কার্যসূচি অনুসারে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সাইকেল রেলী বের করা হয় । আজকের কার্যসূচিতে অংশ গ্রহণ করা প্রত্যেক জনকে একটি করে গাছের চারা প্রদান করা হয় । রাজ্যের তামুলপুর এবং মরিগাও জেলায় আজ এই উপলক্ষে কয়েক হাজার গাছের চারা রূপন করা হয় ।

---

রাজ্যের চলতি বন্যায় গত ৩৬ ঘন্টায়া আরো ৬ জন লোক প্রান হারানোয় মৃতের সংখ্যা বৃদ্ধি পেয়ে হয়েছে ৫৮ । জল কিছুটা কমলেও এখনও রাজ্যের সর্বিক বন্যা পরিস্থিতি অপরিবর্তীত রয়েছে এবং ২৯টি জেলার প্রায় ২৪ লক্ষ লোক বন্যার কবলে রয়েছেন । আসামের ১শো ৭টি রাজস্ব চক্রের ৩ হাজার ৫শোর অধিক গ্রাম বন্যায় প্লাবিত হয়েছে এবং ৬৮ হাজার হেক্টোরের অধিক চাষের জমি ক্ষতিগ্রস্থ হয়েছে । এন ডি আর এফ এবং এস ডি আর এফের দল গত ৩৬ ঘন্টায় বিভিন্ন বন্যা কবলিত এলাকা থেকে ২শো ১৮ জন লোককে উদ্ধার করেছে ।

সেন্ট্রাল ওয়াটার কমিশনের ওয়েবসাইটে জানানো হয়েছে যে ব্রম্মপুত্র এবং এর শাখা নদীগুলির জল বিভিন্ন স্থানে এখনও বিপদ সীমার ওপর দিয়ে প্রবাহিত হচ্ছে । সাম্প্রতিক বন্যায় গত ৩৬ ঘন্টায় ১শো ৭৬টি সড়ক এবং ২টি সেতু সহ অন্যান্য বিভিন্ন পরিকাঠামো ক্ষতিগ্রস্থ হয়েছে । এবারের বন্যায় এখন পর্যন্ত ১৫ লক্ষের অধিক জীব-জন্তু প্রভাবিত হয়েছে । রাজ্য সরকার

ইতিমধ্যেই ২শো ৯৩টি ত্রান শিবির এবং ২শো ৮৪টি সহায়তা কেন্দ্র স্থাপন করেছে । এদিকে আবহাওয়া বিজ্ঞান বিভাগ রাজ্যে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে পূর্বাভাষ দিয়েছে ।

---

হাইলাকান্দি জেলার বন্যা পরিস্থিতি উন্নতি হলেও জেলার ১৯ টি রাজস্ব গ্রামের ২ হাজার ২৩৩ জন লোক বন্যার কবলে রয়েছেন । আজ পর্যন্ত জেলার ৬টি ত্রাণ শিবিরে ৯২৪ জন বন্যাক্রান্ত সরকারি আশ্রয়ে রয়েছেন । আজ ত্রাণ শিবিরগুলিতে ৩৫ কুইন্টালের বেশী চাল , ৬ কুইন্টালের অধিক ডাল এবং লবণ ,ভোজ্য তেল ও বেবি ফুড বন্টন করা হয়েছে ।সাম্প্রতিক বন্যায় জেলার ৬২ টি শিক্ষা প্রতিষ্ঠান ভবন ক্ষতিগ্রস্ত হয়েছে ।এরমধ্য হাইলাকান্দি সার্কেলে ৩৩ টি ,কাটলীছড়া সার্কেলে ১৩ টি এবং লালা সার্কেলে ১৬ টি রয়েছে । জেলায় ভেটেনারি বিভাগের উদ্যোগে এপর্যন্ত পশু খাদ্য হিসেবে গমের ভুসি ২০০ কুইন্টাল বন্টন করা হয়েছে এবং এপর্যন্ত বিভিন্ন স্থানে শিবির করে ৪ হাজার ৭৮৫ টি গবাদি পশুর চিকিৎসা করা হয়েছে ।

---

জাতীয় চিকিৎসা কমিশন তিনসুকীয়া চিকিৎসা মহাবিদ্যালয়কে আনুষ্ঠানিকভাবে স্বীকৃতি প্রদান করে প্রতিবছর স্নাতক পাঠ্যক্রমে ১শোটি আসনে নাম ভর্তী করার অনুমতি প্রদান করেছে । এর ফলে রাজ্যে চিকিৎসা মহাবিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি পয়ে হয়েছে ১৩ । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা এ এই তথ্য জানিয়ে আসামের চিকিৎসা বিজ্ঞানের সঙ্গে যুক্ত প্রত্যেক ব্যাক্তিকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছেন ।

---

রাজ্যব্যাপী সর্বোত্তম সরকারী সেবা প্রদান করা আদর্শ গ্রাম নির্মানের লক্ষ্যে ২০১৮-১৯ সালে আরম্ভ করা আসাম আদর্শ গ্রাম যোজনার অধীনে এ পর্যন্ত ১ হাজার ৮শো ৫৪টি প্রকল্পের কাজ সম্পূর্ণ করা হয়েছে এবং এর জন্য মোট ২শো ৫০ কোটি টাকার অনুদান প্রদান করা হয়েছে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা গতকাল জনতা ভবণে আদর্শ গ্রাম যোজনা কার্যসূচির অগ্রগতি নিয়ে আলোচনার এক বৈঠকে অংশ নিয়ে এই তথ্য প্রকাশ করেছেন । বৈঠকে এই যোজনার অধীনে নির্বাচিত গ্রাম গুলিতে এ পর্যন্ত রূপায়িত প্রকল্পের সংখ্যা , অনুমোদিত টাকার বিপরিতে কাজের অগ্রগতি , সম্পূর্ণ হওয়া প্রকল্প সহ এই যোজনার সঙ্গে যুক্ত বিভিন্ন বিষয়ের পর্যবেক্ষণ করে মুখ্যমন্ত্রী এই কর্মসূচিকে আরো অধিক ফলপ্রসূ করে তোলতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ প্রদান করেন ।

---

সমগ্র দেশে আজ শ্রী শ্রী জগন্নাথদেবের রথযাত্রা উৎসব পালন করা হয়েছে । প্রতি বছর আষাড় মাসের শুক্লা পক্ষের দ্বিতীয়া তিথিতে রথযাত্রা উৎসব পালিত হয় । প্রচলিত রয়েছে যে আজকের দিনে শ্রী শ্রী জগন্নাথ দেব দাদা বলরাম এবং বোন সুভদ্রাকে নিয়ে মাসির বাড়ি যান । প্রথা অনুযায়ী আষাঢ় মাসের দশমী তিথিতে উল্টো রথযাত্রা অনুষ্ঠিত হবে ।

বরাক উপত্যকার তিন জেলায়ও  আজ উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে শ্রী শ্রী জগন্নাথ দেবের রথযাত্রা উৎসব পালন করা হয়েছে এবং বিশেষ পূজাঅর্চনার আয়োজন করা হয়েছে । কাছাড় জেলার বিভিন্ন মঠ মন্দির থেকে সুসজ্জিত রথ বের হয়ে বিভিন্ন সড়ক পরিক্রমা করে । এরমধ্যে রয়েছে শিলচরের ইস্কন মন্দির , শ্যাম সুন্দর আখড়া , গৌড়ীয় মঠ, মদনমোহন আখড়া ইত্যাদি । রথের দড়ি টেনে পূণ্য লাভের আশায় অগণিত ভক্তদের ভীড় শিলচর শহরের প্রধান প্রধান সড়কে পরিলক্ষিত হয়েছে । এছাড়া জেলার প্রত্যন্ত এলাকাগুলিতেও ছোট ছোট রথের পরিক্রমা পরিলক্ষিত হয়েছে । আবাল বৃদ্ধবণিতারা এই আনন্দে সামিল হয়েছেন ।

করিমগঞ্জ জেলায়ও পবিত্র রথযাত্রা উপলক্ষ্যে ভক্তদের উৎসাহ উদ্দীপনা পরিলক্ষিত হয়েছে । করিমগঞ্জের মদনমোহন আখড়া ,টাউন কালীবাড়ী ,ইসকন ,গাছকালীবাড়ী ইত্যাদি ধর্মীয় প্রতিষ্ঠান থেকে সুসজ্জিত জগন্নাথদেবের রথ বের হয়ে শহর পরিক্রমা করে । এছাড়া জেলার বদরপুর ,নিলামবাজার ,পাথারকান্দি ,রামকৃষ্ণনগর থেকেও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে রথযাত্রা উৎসব পালনের খবর পাওয়া গেছে ।

হাইলাকান্দি জেলার বাণেশ্বর শিব মন্দির থেকে বিকেলে জগন্নাথ দেবের রথ বের হয়ে শহরের বিভিন্ন সড়ক পরিক্রমা করে আদি কালীবাড়ীতে এসে শেষ হয় ।এছাড়াও শহরের শিববাড়ি ,রাধামাধব আখড়া ,রাধারমণ সেবা সমিতির পক্ষ থেকেও রথ বের করা হয় । রথযাত্রা উপলক্ষ্যে বিশেষ পূজাও অনুষ্ঠিত হয় । জেলার পুরপতি কল্যাণ গোস্বামী সহ শহরের বিভিন্ন ওয়ার্ডের কমিশনাররা এবারের রথযাত্রায় অংশ গ্রহণ করেন ।

রথযাত্রা উৎসব উপলক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মূ ,উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখড় এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন ।

---

লায়ন্স ক্লাব অফ লালা, লালা খন্ড বন বিভাগ এবং নাগরিক কমিটির যৌথ উদ্যোগে আজ লালা মাদারিপারে বৃক্ষরোপন ও গাছের চারা রোপন কার্য্যসূচী সহ পরিবেশ সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । ক্লাবের সভাপতি নুরুল মজুমদারের পৌরহিত্যে আয়োজিত সচেতনতা সভায় জেলা বন আধিকারীক অখিল দত্ত , ভারপ্রাপ্ত খন্ড বন আধিকারীক চিরন্ময় দাস ,লালা উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ রথীন্দ্র নাথ প্রমূখ বক্তব্য রাখেন ।

---

হাইলাকান্দি জেলায় বন্যা পরিস্থিতির উন্নতি হলেও বন্যাক্রান্তদের মধ্যে বিভিন্ন অভাব-অভিযোগ পরিলক্ষিত হচ্ছে । হাইলাকান্দি রাজস্ব চক্রের অধীন নিমাইচাঁন্দপুর-মাটিজুড়ি পূর্ত বিভাগের সড়কটি ভয়াবহ রূপ ধারণ করেছে । নিমাইচাঁন্দপুর গ্রামের মধ্য দিয়ে  পূর্ত বিভাগের সড়ক এবং কালভার্ট বন্যায় ভেঙ্গে পড়ার ফলে যোগাযোগ ব্যবস্থা বিচ্ছিন্ন হয়ে পড়েছে বলে আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জনিয়েছেন ।

---

হাইলাকান্দি জেলা পরিষদের উদ্যোগে আগামীকাল থেকে জেলার বিভিন্ন গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে আধার বেইজড পেমেন্ট সিস্টেম শিবিরের আয়োজন করা হয়েছে । জেলা পরিষদের মূখ্য কার্য্যবাহী আধিকারীক রণজিৎ কুমার লস্কর এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে এই শিবিরগুলিতে প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনা , জাতীয় সামাজিক সহায়তা কার্য্যসূচী , এনরেগা ইত্যাদি কার্য্যসূচীগুলির পেমেন্ট বন্টন করা হবে । জেলার হিতাধিকারীকদের এই শিবিরগুলির সুযোগ নিতেআহ্বান জানানো হয়েছে ।

---